তারিখ ...................... NOV. 04 1999

পৃষ্ঠা ৩ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৮ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার,

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত ৮ ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। গতকাল সিন্ডিকেট বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত ও বিশ্ববিদ্যালয়ের শৃংখলা ভঙ্গের দায়ে তাদের বহিষ্কার করা হয়েছিল।

যাদের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে তারা হলেন : আঃ মান্নান ফরহাদ (হিসাববিজ্ঞান, দ্বিতীয় বর্ষ), জিয়াউল হক (দর্শন, তৃতীয় বর্ষ), এইচএম লিটন (ইংরেজি, এমএ), সাহাবুদ্দিন মুন্না (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান, প্রথম বর্ষ), মুরাদ খান (সাংবাদিকতা, দ্বিতীয় বর্ষ), আমজাদ হোসেন শিশির (সমাজবিজ্ঞান, তৃতীয় বর্ষ), ফয়সল (দর্শন, প্রথম বর্ষ) এবং ছাত্রলীগ নেতা মাঈনুদ্দীন বাবু।